মুজিববর্ষের অঙ্গীকার, শোভন
কর্মপরিবেশ হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
পরিসংখ্যান ও গবেষণা উপশাখা

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এজাজ আহমেদ জাবের<br>মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত) |
| সভার তারিখ | ২৭ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | মহাপরিদর্শকের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-‘গ’ |

এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন বিষয়ক চতুর্থ সভায় সভাপতিত্ব করেন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিদর্শক জনাব মোঃ এজাজ আহমেদ জাবের। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই এসডিজি বাস্তবায়ন সরকারের একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন। তিনি উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন এবং আলোচনা শুরু করার জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন বিষয়ক কমিটির আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারি মহাপরিদর্শক (সেফটি) জনাব শেখ আসাদুজ্জামানকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব শেখ আসাদুজ্জামান অধিদপ্তরের কার্যক্রমের সাথে সম্পর্কিত SDG ইস্যুসমূহ উপস্থাপন করেন। এছাড়া সভায় SDG এর লক্ষ্য অর্জনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপ ও লক্ষ্যমাত্রা সমূহ নিয়ে আলোচনা করা হয়। সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের গৃহীত লক্ষ্যমাত্রা সমূহের আলোকে অধিদপ্তরের বিভিন্ন শাখার জন্য পৃথক কর্মপরিকল্পনা তৈরির নির্দেশ দেন।

২। সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব শেখ আসাদুজ্জামান এসডিজি’র উদ্দেশ্য, লক্ষ্যমাত্রা এবং সূচকের মধ্যে ডাইফের জন্য কোন কোন সূচক প্রযোজ্য তা নিয়ে বিশদ আলোচনা করেন।

৩। যুগ্মমহাপরিদর্শক( সেফটি) জনাব ফরিদ আহমেদ বলেন, দুর্ঘটনা রোধ করার জন্য কর্মপরিকল্পনা তৈরি করতে হবে এবং উপযুক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী উপমহাপরিদর্শকের কার্যালয় গুলোতে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা যেতে পারে। ILO এবং GIZ এর প্রকল্পের সাথে এসডিজি কে সমন্বয় করা যেতে পারে।

৪। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন) জনাব ডাঃ সৈয়দ আবুল এহসান বলেন, দুর্ঘটনা হ্রাসকল্পে সচেতনতা বৃদ্ধি, সেফটি কমিটির কার্যক্রম, পরিদর্শন এবং মনিটরিং আরও জোরদার করতে হবে তবেই আমরা আমাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারব।

৫। উপমহাপরিদর্শক(সেফটি) জনাব মোঃ কামরুল হাসান বলেন, ২০৩০ সালের মধ্যে ইনজুরি কমানোর জন্য কি কি ইনিশিয়েটিভ নেয়া যায় তার জন্য কর্মশালা করা দরকার। এই জন্য দুই দিনের কর্মশালার আয়োজন করে কর্মপরিকল্পনা প্রণয়নের গুরুত্ব তুলে ধরেন।

৬। সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব শেখ আসাদুজ্জামান বলেন, এসডিজি’র ৩.৯.১ সূচকের বিষয়ে বলেন, বায়ুদূষণ, সংক্রামক ব্যাধি ,কেমিক্যাল জনিত কারণে মৃত্যুহার কমিয়ে আনতে হবে। ইতোমধ্যে উপমহাপরিদর্শকের কার্যালয়ে ছক পাঠিয়ে তথ্য আনা হয়েছে। তবে এইসব তথ্য সংগ্রহ উপমহাপরিদর্শকগণের আওতার বাইরে (out of tracing)।

৭। সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব শেখ আসাদুজ্জামান বলেন, ৩৮টি ঝুঁকিপূর্ণ কাজে শিশুশ্রমের তালিকা উপমহাপরিদর্শকের কার্যালয়গুলো থেকে আনা হয়েছে। যুগ্মমহাপরিদর্শক(সেফটি) জনাব ফরিদ আহমেদ বলেন, ঝুঁকিপূর্ণ ৩৮ টি কাজের তালিকা উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে পাঠিয়ে এবং ভিজিটিং এর মাধ্যমে কর্মপরিকল্পনা ঠিক করে দিতে হবে। এবং এ সংক্রান্ত কাজে অন্যান্য অংশিজনদেরকে যুক্ত করা যেতে পারে। সভায় এ বিষয়ে আরও বলা হয়, জেলা অনুযায়ী ঝুঁকিপূর্ণ কাজ নির্ধারণ করে দিতে হবে। যুগ্মমহাপরিদর্শক(সেফটি) জনাব ফরিদ আহমেদ বলেন, মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণীর নির্দেশনা মহাপরিদর্শক মহোদয়ের মাধ্যমে উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোকে জানানো যায়।

৮। এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন বিষয়ক কমিটির সদস্য সচিব, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা জনাব মনোয়ার হোসেন বলেন, এসডিজি’র লক্ষ্যমাত্রা ৮.৮ এর বিভিন্ন সূচক বাস্তবায়নে/অর্জনে ইতোমধ্যে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে কাজ করে যাচ্ছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। তবে এসডিজি’র লক্ষ্যমাত্রা অর্জন টেকসই করতে হলে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রসর হতে হবে।

৯। সভায় এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সকলেই একমত পোষণ করেন। এ ব্যাপারে দুর্ঘটনা প্রতিরোধ গাইডলাইন (Accident Prevention Guideline), শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন গাইডলাইন (Child Labour Elimination and Rehabilitation Guideline), পেশাগত স্বাস্থ্য ও ব্যাধি বিষয়ক গাইডলাইন (Occupational Health and Disease Guideline)

প্রণয়েনের ব্যাপারে গুরুত্ব আরোপ করেন।

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | | সিদ্ধান্তসমূহ | অগ্রগতি | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত শাখা |
|---|---|---|---|---|---|
| | SDG Target(লক্ষ্য) | Indicator(নির্দেশক) | | | |
| ১. | লক্ষ্যঃ ৮.৫ ২০৩০ সাল নাগাদ যুবক যুবতি এবং প্রতিবন্ধীসহ সকল নারী পুরুষের জন্য পূর্ণ কর্মসংস্থান এবং শোভন কর্মপরিবেশ নিশ্চিত ও সকল কাজের জন্য লিঙ্গাভিত্তিক সমবেতন প্রদান করতে হবে। | # নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণ | ক) SDG বিষয়ক জ্ঞান অর্জনের জন্য অভিজ্ঞ বক্তার মাধ্যমে কর্মশালার আয়োজন করতে হবে।<br>খ। মহাপরিদর্শক মহোদয়ের নির্দেশনা মোতাবেক পুনরায় অভিজ্ঞ প্রশিক্ষকের মাধ্যমে প্রশিক্ষণের আয়োজন করা হবে।<br>গ। প্রধান কার্যালয়ের এসডিজি কমিটি বিভিন্ন জেলা কার্যালয়ের উপ মহাপরিদর্শকসহ পরিদর্শকের সহিত সভা করা যেতে হবে এবং এসডিজি’র মনিটরিং ও বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করা হবে। | ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের SDG বিষয়ক মূখ্য সমন্বয়ক জনাব মোকাম্মেল হোসেন মহোদয়কে প্রশিক্ষক হিসেবে রেখে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। | এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন কমিটি |
| ২. | লক্ষ্যঃ ৮.৭ জবরদস্তি মূলক শ্রমের উচ্ছেদসাধন, মানবপাচার, ও আধুনিক দাসত্বের অবসান এবং শিশুশ্রমিক সংগ্রহ ও ব্যবহারসহ সবচেয়ে খারাপ ধরণের শিশুশ্রম নিষিদ্ধ ও নির্মূলের জন্য আশু কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং ২০২৫ সালের মধ্যে সকল প্রকার শিশু শ্রমের অবসান ঘটানো। | # মৃত্যুজনিত ও মারাত্মক পেশাগত ব্যাধির আনুপাতিক হার নির্ধারণ।<br><br># শিশু শ্রমের সাথে জড়িত ৫-১৭ বছরের বাচ্চাদের সংখ্যা নিরুপণ। | ক) ৩৮ টি ঝুঁকিপূর্ণ কাজে পরিদর্শন করে শিশুশ্রম শনাক্ত করতে হবে।<br><br>খ) শিশু শ্রম বন্ধে শিশু শ্রমের কারণ শনাক্ত করে পূর্নবাসনের ব্যবস্থা করতে হবে।<br><br>গ) পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি ও গতিশীল করতে পরিদর্শক কর্তৃক রেগুলার পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>ঘ। মহাপরিদর্শক মহোদয়ের নির্দেশনা মোতাবেক পরবর্তীতে শিশুশ্রম নিরসন হবে এরূপ প্রকল্প নেয়া যেতে পারে। | ক) ছক করে ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে ৩৮টি ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে শিশুশ্রমের যে তথ্য প্রেরণ করা হয়েছিল তা খুবই অপ্রতুল। শিশুশ্রমের সংখ্যা ৪০০০।<br><br>খ) শিশুশ্রম নিরসন ও পুনর্বাসনের জন্য মন্ত্রণালয়ে প্রকল্প আছে। DIFE এ শিশুশ্রমিকদের পুনর্বাসনের জন্য কোন প্রকল্প নেই। তবে ডাইফ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কাজ করে থাকে । | স্বাস্থ্য শাখা ও সকল উপমহাপরিদর্শকের কার্যালয় |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩. | লক্ষ্যঃ৮.৮ প্রবাসী শ্রমিক, বিশেষ করে প্রবাসী মহিলা ও নিশ্চায়তাহীন কাজে নিয়োজিত এমন শ্রমিকসহ সকল শ্রমিকের জন্য নিরাপদ ও সুরক্ষিত কর্ম পরিবেশ প্রদান ও শ্রম অধিকার সংরক্ষণ। | # কর্মক্ষেত্রে শ্রমিকের নিরাপত্তা এবং লিঙ্গাভিত্তিক টেকসই কাজের পরিবেশ সৃষ্টি করা। | ক) কর্মক্ষেত্রে দুর্ঘটনার হার কমানো নিশ্চিত করতে হবে।<br>খ। এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন বিষয়ক কমিটি উপমহাপরিদর্শকের কার্যালয়ে সভা করে কর্মপরিকল্পনা করে ঠিক করা হবে।<br>গ। উদ্বুদ্ধকরণ সভার আয়োজন ও পোস্টার/ লিফলেট বিতরণের মাধ্যমে নিরাপদ কর্ম পরিবেশ ও এসডিজি বিষয়ক সচেতনতা বৃদ্ধি করা হবে। | ক। নিয়মিত পরিদর্শন কার্যক্রম ও প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দুর্ঘটনা কমানো নিশ্চিত করা হয়। | সেফটি, সাধারণ, স্বাস্থ্য ও প্রশাসন শাখা এবং সকল উপমহাপরিদর্শকের কার্যালয় এবং এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন কমিটি |
| ৪ | বিবিধ | | ক। বাজেট প্রাপ্তি সাপেক্ষে দুইদিনের কর্মশালার আয়োজন করা হবে।<br>খ। এসডিজি বাস্তবায়নের জন্য আলাদা বাজেটের ব্যবস্থা করা।<br>গ। উপমহাপরিদর্শকের কার্যালয়ে কর্মশালার আয়োজন করা হবে।<br>ঘ। এসডিজি বাস্তবায়নে দুর্ঘটনা প্রতিরোধ গাইডলাইন, শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন গাইডলাইন, পেশাগত স্বাস্থ্য ও ব্যাধি বিষয়ক গাইডলাইন প্রণয়ন করা হবে। | | প্রশাসন, স্বাস্থ্য, সাধারণ, সেফটি শাখা এবং এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন কমিটি |
| ৪. | কমিটির সভা অনুষ্ঠান | | দুই মাস অন্তর অন্তর কমিটির সভা অনুষ্ঠিত হবে। সভায় বাস্তবায়নের তথ্যাদি উপস্থাপন করতে হবে। | এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন কমিটি কর্তৃক নিয়মিত সভার আয়োজন করা হয়। | এসডিজি মনিটরিং ও বাস্তবায়ন কমিটি |

আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ এজাজ আহমেদ জাবের
মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০২.৯৯.০৩৫.১৯.৩৪

তারিখ: ২৬ পৌষ ১৪২৭
১০ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন/সাধারণ/সেফটি/স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়
২) উপমহাপরিদর্শক (প্রশাসন/সাধারণ/সেফটি/স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়
৩) সহকারী মহাপরিদর্শক (সেফটি) (রুটিন দায়িত্ব), সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৪) পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৫) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, তথ্য ও গণসংযোগ উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৬) সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৭) সহকারী মহাপরিদর্শক (সেইফটি), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

মোঃ এজাজ আহমেদ জাবের
মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত)